# নতুন Scotland নির্মাণ: জগতসভায় স্বাধীন Scotland এর স্থান

BUILDING A NEW SCOTLAND

## সারাংশ


সুদীর্ঘ ইতিহাস এবং অনবদ্য ভৌগৌলিক অবস্থান সমৃদ্ধ দেশ Scotland, যা নর্থ সী এবং নর্থ অ্যাটলান্টিক পর্যন্ত প্রসারিত। আমাদের এই যোগসূত্র দেশের সীমানা ছাড়িয়ে ইংল্যান্ড এবং অবশিষ্ট ইউনাইটেড কিংডম থেকে শুরু করে আর্কটিক এবং সারা বিশ্বব্যাপী বিস্তৃত। স্বাধীনতা Scotland-কে বিশ্বমঞ্চে এক নতুন সার্বভৌম রাষ্ট্র করবে – যা এই দ্বীপপুঞ্জগুলিতে আমাদের ঘনিষ্ঠতম বন্ধু এবং নিকটতম প্রতিবেশীদের সাথে মজবুত সম্পর্কের ক্ষেত্রে বিশ্বের সবচেয়ে উত্তরে স্থিত এমন দেশ হবে – যা সুমেরুর অংশ নয়।

স্বাধীনতা মানে আন্তর্জাতিক সমাজে জাতিসঙ্ঘের বাকি 193টি দেশের পাশাপাশি Scotland স্বস্থান খুঁজে নেবে, ইয়োরোপিয়ান ইউনিয়নে যোগ দিতে পারবে এবং নিজের নাগরিকদের নিরাপত্তা দেওয়ার ক্ষমতা পাবে এবং বিশ্বব্যাপী অর্থব্যবস্থায় সমৃদ্ধ হয়ে উঠবে।

এছাড়া স্বাধীনতা পেলে Scotland বিশ্বমঞ্চে যে রকম রাষ্ট্র হতে চায় তা স্থির করতে পারবে – যা নীতি ও মূল্যবোধ অনুসারে কাজ করবে, মানবাধিকার ও বিকাশ সমর্থন করবে এবং আন্তর্জাতিক পরিবর্তন করার জন্য অন্যান্য দেশ এবং আন্তর্জাতিক সংগঠনের অংশীদারিত্ব করবে। স্বাধীন Scotland হিতাকাঙ্খী আন্তর্জাতিক নাগরিক হবে, Scotland এর লোকজনের স্বার্থরক্ষার্থে শান্তি ও নিরাপত্তা প্রদানে সচেষ্ট থাকবে।

এই সারসংক্ষেপ এবং 'নতুন Scotland নির্মাণ' ধারাবাহিকের একাদশতম দলিলে, মহাবিশ্বে স্বাধীন Scotland এর স্থানের বিষয়ে স্কটিশ সরকারের প্রস্তাবের বর্ণনা আছে। পূর্ণ প্রকাশনায় এই প্রস্তাবগুলি সম্পর্কে আরও বিশদ বিবরণ, যেসব তথ্যের ভিত্তিতে জানা গিয়েছে তার বিশ্লেষণ এবং তথ্যসূত্র প্রদান করা হয়েছে।


### স্বাধীন Scotland এ প্রতিরক্ষা, শান্তি এবং নিরাপত্তা

যে কোনও স্বাধীন দেশের সরকারের প্রাথমিক দায়িত্ব হল তার নাগরিকদের প্রতিরক্ষা এবং নিরাপত্তা। আধুনিক, কার্যকর ও পরিবর্তনশীল প্রতিরক্ষা এবং নিরাপত্তার ক্ষমতা পেলে স্বাধীন Scotland কীভাবে

উপকৃত হবে তা এই দলিলে জানানো হয়েছে।

স্বাধীন Scotland এর কাছে নিজস্ব সশস্ত্র সেনাবাহিনী থাকবে, কর্মীদের জন্য আধুনিক চুক্তি তাতে সহায়তা করবে এবং প্রাক্তনদেরও বলিষ্ঠ সহায়তা দেওয়া হবে। সুবিস্তৃত, বিশেষজ্ঞ-পরিচালিত প্রতিরক্ষা এবং নিরাপত্তা পর্যালোচনার দ্বারা ভবিষ্যত বাহিনীর ক্ষমতার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। তার ফলে স্বাধীনতার সময় আবহজনিত ও ভূরাজনৈতিক সমস্যার যে আশঙ্কা থাকে তার প্রত্যুত্তরে পরিকল্পনা ও ক্ষমতায়ন নিশ্চিত করা হবে। স্বাধীন দেশ হিসাবে Scotland এর প্রাধান্যের বিষয়ের সাথে সামঞ্জস্য রেখে এমন করা হবে – NATO-তে যোগদান, EU-এর সাধারণ নিরাপত্তা ও প্রতিরক্ষা নীতিতে অঙ্গীকারবদ্ধ থাকা এবং UK ও অন্যান্য প্রধান কৌশলগত সঙ্গীদের সাথে পারস্পরিক লাভজনক প্রতিরক্ষা ও নিরাপত্তার সম্পর্ক গঠন করা।

এই স্কটিশ সরকার প্রস্তাব রাখছে যে স্বাধীন Scotland NATO-তে যোগদানের আবেদন করবে এবং স্বাধীনতার ভোটগ্রহণের পর সুযোগমত যথাশীঘ্র NATO নেতৃদলের সাথে আলোচনার প্রয়াস করবে। তাতে মোট দেশজ পণ্য অর্থাৎ গ্রস ডোমেস্টিক প্রডাক্টের (GDP) 2% প্রতিরক্ষায় খরচের প্রতিশ্রুতি থাকবে, এভাবে NATO'র প্রতিরক্ষা ক্ষমতায় স্থায়ী বিনিয়োগের অঙ্গীকারে স্বীকৃতি দেওয়া হবে।

EU-এর অংশস্বরূপ, এই স্কটিশ সরকার EU-এর কমন সিকিয়রিটি অ্যান্ড ডিফেন্স পলিসি অর্থাৎ ইয়োরোপিয়ান ইউনিয়নের সাধারণ নিরাপত্তা ও প্রতিরক্ষা নীতিতে সম্পূর্ণভাবে অংশ নেবে। বিশ্বব্যাপী শান্তি এবং নিরাপত্তার সমর্থক অভিযানে Scotland এর অবদান থাকবে এবং তার জন্য, আন্তর্জাতিক নিয়মভিত্তিক ব্যবস্থা ও বহুপাক্ষিকতায়, সর্বার্থে অঙ্গীকারবদ্ধ দেশগুলির দলে যোগ দেবে।

স্বাধীন Scotland এর প্রতিরক্ষা ও নিরাপত্তা নীতির তৃতীয় স্তম্ভ হবে ইউনাইটেড কিংডম এবং আয়ারল্যান্ড আমাদের নিকটতম প্রতিবেশীদের সাথে আমাদের সম্পর্ক। এইসব দ্বীপপুঞ্জব্যাপী আমাদের পারস্পরিক সুরক্ষা নিশ্চিত করতে স্বাধীন Scotland অন্যান্য দেশ ও সরকারের সাথে আমাদের সুদৃঢ় সম্পর্ক আরও মজবুত করে তুলবে।

বিদেশে যেসব সামরিক অভিযান আইনসম্মত, স্কটিশ মন্ত্রীসভা দ্বারা অনুমোদিত এবং স্কটিশ সংসদের অনুমতিপ্রাপ্ত শুধুমাত্র তাতে স্বাধীন Scotland এর অংশগ্রহণের প্রতিরক্ষা নীতিকে, স্কটিশ সরকার তাদের ভিত করবে। তাছাড়া, স্বাধীনতার পরে যথাসম্ভব নিরাপদ এবং দ্রুত পদ্ধতিতে Scotland থেকে পারমাণবিক অস্ত্র সরিয়ে দিতে হবে। তবে এর মধ্যে কোনও প্রস্তাবই Scotland এর আত্মরক্ষার্থে নেওয়া পদক্ষেপ বা NATO-তে যোগদানের ক্ষমতায় বাধা দেবে না।

## হিতাকাঙ্খী আন্তর্জাতিক নাগরিকের ভূমিকায় স্বাধীন Scotland

বর্তমান ক্ষমতা হস্তান্তরের সীমাবদ্ধতা সত্ত্বেও ইতিমধ্যেই Scotland হিতাকাঙ্খী আন্তর্জাতিক নাগরিক হয়ে ওঠার ভূমিকা যথাসাধ্য পালন করে চলেছে। বিশ্বব্যাপী দরিদ্রতা, জলবায়ু পরিবর্তন, মানবাধিকার সম্পর্কিত আশঙ্কা এবং সমতার সুরক্ষার জন্য Scotland কাজ করে চলেছে।

স্বাধীনতার সাথে পূর্ণ ক্ষমতা পাওয়ার পর, এই স্কটিশ সরকার অফিশিয়াল ডেভেলপমেন্ট অ্যাসিস্টেন্সে (ODA) জাতিসঙ্ঘের মোট জাতীয় আয়ের 0.7% দেওয়ার লক্ষ্য পূরণ করা এবং আন্তর্জাতিক বিকাশে উৎসর্গীকৃত নতুন মন্ত্রণালয় স্থাপনের লক্ষ্যে কাজ করবে। এছাড়া স্বাধীন Scotland আইনরক্ষার জন্যও 0.7% বরাদ্দ করতে পারবে। তার ফলে সহায়তা বাবদ Scotland এর কাছে উল্লেখযোগ্য বাজেট থাকবে যা দিয়ে বিশ্বের দরিদ্রতম দেশগুলির উপর ইতিবাচক প্রভাব ফেলা যাবে।

Scotland নিজস্ব মতামত সহ স্বাধীন দেশ হওয়ার ফলে এবং বহুপাক্ষিক সংগঠনে নিজস্ব আসন পেলে, জলবায়ু ও জৈববিবিধতার সঙ্কট নিরসনে আরও ভালো কাজ করতে পারবে, এই গ্রহ ও এখানকার বাসিন্দাদের জন্য ইতিবাচক অবদান রাখতে পারবে। জলবায়ু সংক্রান্ত ন্যায়বিচার সম্পর্কে গ্লোবাল সাউথের দৃষ্টিভঙ্গী সমর্থন সমেত অন্যান্যদের সাথে Scotland নিজের মতামত জানাতে পারবে এবং আন্তর্জাতিক টিকাকরণে সমতা বা ঋণমুক্তির পক্ষ সমর্থন করতে পারবে।

স্বাধীন দেশ হিসাবে Scotland সরাসরি আপসজনিত মীমাংসায় অংশ নিতে পারবে, UK যেসব সন্ধিপত্র, সম্মতিপত্র বা সনদে স্বাক্ষর করেনি বা অনুমোদন দেয়নি তাতে রাষ্ট্র হিসাবে ভূমিকা পালন করতে পারবে। তাতে রিভাইজড ইয়োরোপিয়ান সোশাল চার্টার অন্তর্ভুক্ত, যা বেতন বা পারিশ্রমিক, কর্মচারীর অধিকার ও প্রতিনিধিত্ব এবং কাজের সময় সমেত বিবিধ অধিকার প্রদান করে। স্বাধীন দেশ হিসাবে, Scotland আমাদের মূল্যবোধ ও হিতের সাথে সামঞ্জস্যপূর্ণ আন্তর্জাতিক সভায় সন্ধিবদ্ধ হওয়ার জন্য এবং উচ্চাভিলাষী, প্রগতিশীল বিষয়ে উন্নয়নের জন্য অনুরূপ মানসিকতার সহযোগীদের সাথে কাজ করতে পারবে।

## ভবিষ্যতের সম্পর্কসূত্র

স্বাধীনতা মানে হবে সারা বিশ্বব্যাপী বর্তমান সম্পর্ক সুদৃঢ় করার পাশাপাশি নতুন সম্পর্ক গঠন।

এই প্রথম স্বাধীনতা Scotland-কে স্কটিশ স্বার্থ রক্ষা ও প্রসারে উৎসর্গীকৃত বিদেশী দূত সহ পৃথক নেটওয়ার্ক দেবে। আমাদের নাগরিকদের প্রয়োজনীয় দূতাবাসীয় সহায়তা দেওয়ার পাশাপাশি এই সম্পর্কসূত্র Scotland-কে আবিষ্কার, বাণিজ্য ও বিনিয়োগের কেন্দ্র করে তোলার পথ সুগম করবে। স্বাধীনতার জন্য

ভোটগ্রহণের পর, এই স্কটিশ সরকার আমাদের বিদেশের দূতাবাসীয় ও রাষ্ট্রদূতের নেটওয়ার্কের ক্ষমতা এবং প্রতিরক্ষা ও আন্তর্জাতিক নিরাপত্তার জন্য জরুরি ক্রিয়াকলাপ করতে শুরু করবে এবং তার সাথে Scotland এর ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ সমর্থন করার ক্ষমতাবৃদ্ধিও বজায় রাখবে। 21শ শতাব্দীতে Scotland এর প্রাধান্যের বিষয়গুলিকে প্রতিফলিত করার আন্তর্জাতিক পদাঙ্ক রাখার জন্য স্বাধীন Scotland তার শক্তিবৃদ্ধি করতে পারবে, আমাদের মতামত আরও সোচ্চার হবে এবং স্বাধীনতা দেশমধ্যে ও আন্তর্জাতিক পর্যায়ে যে নতুন ক্ষমতা ও দায়িত্ব অর্পন করবে আমরা সেসবের সদ্ব্যবহার সুনিশ্চিত করতে পারব।

## উপসংহার

স্বাধীনতার সাহায্যে, Scotland এর বাসিন্দাদের নিরাপত্তা ও শ্রীবৃদ্ধির প্রসার ও রক্ষার জন্য, Scotland এইসব দ্বীপপুঞ্জে এবং পৃথিবীব্যাপী তাদের বর্তমান সম্পর্ক পুনরুজ্জীবিত ও সুদৃঢ় করতে পারবে এবং নতুন সঙ্গীদের সহযোগিতা করতে পারবে।

স্বাধীনতা আমাদের আন্তর্জাতিক বিকাশ, জলবায়ু পরিবর্তন এবং পরিবেশের মত সমস্যায় আরও যোগদান করার সুযোগ দেবে।

ইতিমধ্যেই, যেখানে সম্ভব সেখানে বিশ্বস্তরে Scotland এর অবদান রয়েছে। স্বাধীনতালব্ধ ক্ষমতা পেলে আমাদের বলবৃদ্ধি হবে এবং আন্তর্জাতিক সমাজে সমস্তরের রাষ্ট্রের স্থান নিতে পারব।

© The Scottish Government 2024

স্কটিশ সরকার মার্চ 2024-এ প্রকাশ করেছে

এটি স্কটিশ সরকারের জন্য প্রস্তুত করেছে APS Group Scotland, 21 Tennant Street,
Edinburgh EH6 5NA    PPDAS1420414 (03/24)